দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 FEB 1995 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

5

শতাধিক শিক্ষকপদ শূন্য

# নোয়াখালীতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত

নোয়াখালী সংবাদদাতা ।। নোয়াখালী জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ ১১৮জন শিক্ষকের পদ শূন্য থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। ইহার মধ্যে প্রধান

(৪র্থ পৃঃ দ্রঃ)

## নোয়াখালীতে প্রাথমিক শিক্ষা

(৩য় পৃঃ পর)

শিক্ষকের পদ ৩৪, সহকারী শিক্ষকের পদ ৮৪। ইহাছাড়া পৌর এলাকার বসবাসকারী বহু মহিলা চাকুরী পাওয়ার আশায় ভুয়া ঠিকানা দিয়া দূরবর্তী গ্রাম ও চরাঞ্চলে নিয়োগ প্রাপ্তির পরে দেন-দরবার এবং টাকা-পয়সা খরচ করিয়া পৌর এলাকার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে বদলী অথবা ডেপুটেশনে আসিয়া অতিরিক্ত শিক্ষক হিসাবে কাজ করিতেছেন। কিন্তু বদলী প্রাপ্ত ঐ সমস্ত শূন্য-পদে শিক্ষক নিয়োগ না করায় ঐ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের শিক্ষা ব্যাহত হইতেছে।